

পশ্চিমবঙ্গ প্রাইমারী টেট—২০১৭

বাংলা

1. নীচে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোনটি ঠিক?
 - (A) পশ্চাৎ + আগত = পশ্চাতাগত
 - (B) ষড়্ + দর্শন = ষড়্দর্শন
 - (C) গিচ্ + অস্ত = গিজস্ত
 - (D) পশু + আচার = পশ্যাচার
2. নীচের মন্তব্যগুলির শুদ্ধাশুদ্ধ বিচারের নিরিখে প্রদত্ত বিকল্প থেকে ঠিক উত্তরটি চিহ্নিত করুন।
 - (a) বাংলায় বর্গের প্রথম ও দ্বিতীয় ব্যঞ্জনধ্বনি অঘোষ
 - (b) বাংলায় বর্গের তৃতীয়, চতুর্থ ও পঞ্চম ব্যঞ্জনধ্বনি ঘোষ
 - (c) বাংলায় বর্গের প্রথম ও দ্বিতীয় ব্যঞ্জনধ্বনি ঘোষ
 - (d) বাংলায় বর্গের তৃতীয়, চতুর্থ ও পঞ্চম ব্যঞ্জনধ্বনি অঘোষ

বিকল্প

	(a)	(b)	(c)	(d)
(A)	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ
(B)	শুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
(C)	অশুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ	শুদ্ধ
(D)	শুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	অশুদ্ধ

3. নীচের মন্তব্যগুলির শুদ্ধাশুদ্ধ বিচারের নিরিখে প্রদত্ত বিকল্প থেকে ঠিক উত্তরটি চিহ্নিত করুন।
 - (a) বাংলায় বর্গের প্রথম ও তৃতীয় ব্যঞ্জনধ্বনি অল্পপ্রাণ
 - (b) বাংলায় বর্গের দ্বিতীয় ও চতুর্থ ব্যঞ্জনধ্বনি মহাপ্রাণ
 - (c) বাংলায় 'ড়' মহাপ্রাণ ধ্বনি
 - (d) বাংলায় 'ঢ়' মহাপ্রাণ ধ্বনি

বিকল্প

	(a)	(b)	(c)	(d)
(A)	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ
(B)	শুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
(C)	অশুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ	শুদ্ধ
(D)	শুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	অশুদ্ধ

4. প্রাণপণ যত্ন ব্যতিরেকে বিদ্যালয় সভব নয়। নিম্নরেখ পদটি—
 - (A) পদাঙ্কীয় অব্যয়
 - (B) সমুচ্চরীয় অব্যয়
 - (C) নিত্য সম্বন্ধীয় অব্যয়
 - (D) অনঙ্কীয় অব্যয়

5. নীচের যুক্তব্যঞ্জনগুলি ভেঙে যে ব্যঞ্জন পাওয়া যায়, তার নিরিখে নীচের কোন বিকল্পটি অশুদ্ধ?
 - (A) ফ্ল = ক্ + য্ + ম্
 - (B) ফ্লা = হ্ + ম্
 - (C) জ্র = ঞ্ + জ্
 - (D) ফ্ = হ্ + ন্
6. আমি তোমায় কিছু কথা বলতে চাই।—উদ্ধৃত বাক্যটিতে—
 - (A) 'তোমায়' মুখ্যকর্ম, 'কথা' গৌণকর্ম
 - (B) 'তোমায়' গৌণকর্ম, 'কথা' মুখ্যকর্ম
 - (C) 'তোমায়', 'কথা'—দুটিই মুখ্যকর্ম
 - (D) 'তোমায়', 'কথা'—দুটিই গৌণকর্ম

নিম্নলিখিত গদ্যাংশটি পড়ে 7 থেকে 11 পর্যন্ত প্রশ্নগুলির উত্তর দিন।

ইতিমধ্যে বাড়িতে পরে পরে কয়েকটি মৃত্যুঘটনা ঘটিল। ইতিপূর্বে মৃত্যুকে আমি কোনোদিন প্রত্যক্ষ করি নাই। মার যখন মৃত্যু হয় আমার তখন বয়স অল্প। অনেকদিন হইতে তিনি রোগে ভুগিতেছিলেন, কখন যে তাঁহার জীবনসংকট উপস্থিত হইয়াছিল তাহা জানিতেও পাই নাই। এতদিন পর্যন্ত যে-ঘরে আমরা শুইতাম সেই ঘরেই স্বতন্ত্র শয়্যায় মা শুইতেন। কিন্তু তাঁহার রোগের সময় একবার কিছুদিন তাঁহাকে বোটে করিয়া গঙ্গায় বেড়াইতে লইয়া যাওয়া হয়— তাহার পরে, বাড়িতে ফিরিয়া তিনি অস্তঃপুরের তেতালার ঘরে থাকিতেন। যে-রাত্রিতে তাঁহার মৃত্যু হয় আমরা তখন ঘুমাইতেছিলাম, তখন কত রাত্রি জানি না, একজন পুরাতন দাসী আমাদের ঘরে ছুটিয়া আসিয়া চিৎকার করিয়া কাঁদিয়া উঠিল, “ওরে তোদের কী সর্বনাশ হল রে!” তখনই বউঠাকুরানী তাড়াতাড়ি তাকে ভৎসনা করিয়া ঘর হইতে টানিয়া বাহির করিয়া লইয়া গেলেন—পাছে গভীর রাত্রে আচমকা আমাদের মনে গুরুতর আঘাত লাগে এই আশঙ্কা তাঁহার ছিল। স্তিমিত প্রদীপে, অস্পষ্ট আলোকে ক্ষণকালের জন্য জাগিয়া উঠিয়া হঠাৎ বুকটা দমিয়া গেল কিন্তু কী হইয়াছে ভালো করিয়া বুঝিতেই পারিলাম না। প্রভাতে উঠিয়া যখন মার মৃত্যুসংবাদ শুনিলাম তখনো সে-কথাটার অর্থ সম্পূর্ণ গ্রহণ করিতে পারিলাম না। বাহিরের বারান্দায় আসিয়া দেখিলাম তাঁহার সুসজ্জিত দেহ প্রাঙ্গণে খাটের উপরে শয়ান। কিন্তু মৃত্যু যে ভয়ংকর সে-দেহে তাহার

কোনো প্রমাণ ছিল না;—সেদিন প্রভাতের আলোকে মৃত্যুর যে-রূপ দেখিলাম তাহা সুখসুপ্তির মতোই প্রশান্ত ও মনোহর। জীবন হইতে জীবনান্তের বিচ্ছেদ স্পষ্ট করিয়া চোখে পড়িল না। কেবল যখন তাঁহার দেহ বহন করিয়া বাড়ির সদর-দরজার বাহিরে লইয়া গেল এবং আমরা তাঁহার পশ্চাৎ পশ্চাৎ শ্মশানে চলিলাম তখনই শোকের সমস্ত বাড় যেন একেবারে এক-দমকায় আসিয়া মনের ভিতরটাতে এই একটা হাহাকাঙ্ক তুলিয়া দিল যে, এই বাড়ির এই দরজা দিয়া মা আর একদিনও তাঁহার নিজের এই চিরজীবনের ঘরকরনার মধ্যে আপনার আসনটিতে আসিয়া বসিবেন না। বেলা হইল, শ্মশান হইতে ফিরিয়া আসিলাম; গলির মোড়ে আসিয়া তেতলায় পিতার ঘরের দিকে চাহিয়া দেখিলাম—তিনি তখনো তাঁহার ঘরের সম্মুখের বারান্দায় স্তম্ভ হইয়া উপাসনায় বসিয়া আছেন।

বাড়িতে যিনি কনিষ্ঠা বধু ছিলেন তিনিই মাতৃহীন বালকদের ভার লইলেন। তিনিই আমাদের খাওয়ানিয়া পরাইয়া সর্বদা কাছে টানিয়া, আমাদের যে কোনো অভাব ঘটিয়াছে তাহা ভুলানিয়া রাখিবার জন্য দিনরাত্রি চেষ্টা করিলেন। যে-ক্ষতি পূরণ হইবে না, যে-বিচ্ছেদের প্রতিকার নাই, তাহাকে ভুলিবার শক্তি প্রাণশক্তির একটা প্রধান অঙ্গ;—শিশুকালে সেই প্রাণশক্তি নবীন ও প্রবল থাকে, তখন সে কোনো আঘাতকে গভীরভাবে গ্রহণ করে না, স্থায়ী রাখায় আঁকিয়া রাখে না। এইজন্য জীবনে প্রথম যে-মৃত্যু কালো ছায়া ফেলিয়া প্রবেশ করিল, তাহা আপনার কালিমাতে চিরস্তন না করিয়া ছায়ার মতোই একদিন নিঃশব্দপদে চলিয়া গেল। ইহার পরে বড়ো হইলে যখন বসন্তপ্রভাতে একমুঠা অনতিস্ফুট মোটা মোটা বেলফুল চাদরের প্রান্তে বাঁধিয়া খ্যাপার মতো বেড়াইতাম—তখন সেই কোমল চিক্ণ কুঁড়িগুলি ললাটের উপর বুলানিয়া প্রতিদিনই আমার মায়ের শব্দ আঙুলগুলি মনে পড়িত;—আমি স্পষ্টই দেখিতে পাইতাম যে-স্পর্শ সেই সুন্দর আঙুলের আগায় ছিল সেই স্পর্শই প্রতিদিন বেলফুলগুলির মধ্যে নির্মল হইয়া ফুটিয়া উঠিতেছে; জগতে তাহার আর অন্ত নাই—তা আমরা ভুলিই আর মনে রাখি।

কিন্তু আমার চব্বিশ বছর বয়সের মৃত্যুর সঙ্গে যে-পরিচয় হইল তাহা স্থায়ী পরিচয়। তাহা তাহার পরবর্তী প্রত্যেক

বিচ্ছেদশোকের সঙ্গে মিলিয়া অশ্রুর মালা দীর্ঘ করিয়া গাঁথিয়া চলিয়াছে। শিশুবয়সের লঘু জীবন বড়ো বড়ো মৃত্যুকেও অনায়াসেই পাশ কাটাইয়া ছুটিয়া যায়—কিন্তু অধিক বয়সে মৃত্যুকে অত সহজে ফাঁকি দিয়া এড়াইয়া চলিবার পথ নাই। তাই সেদিনকার সমস্ত দুঃসহ আঘাত বুক পাতিয়া লইতে হইয়াছিল।

7. উদ্ভূত গদ্যাংশে 'অনতিস্ফুট' শব্দটির অর্থ হল—

- (A) ফোটেনি এমন
(B) সম্পূর্ণ ফোটেনি এমন
(C) সম্পূর্ণ ফুটেছে এমন
(D) ফুটে গিয়ে ঝরে পড়েছে এমন

8. উদ্ভূত গদ্যাংশে 'এক-দমকায়' পদটি যেভাবে ব্যবহৃত হয়েছে—

- (A) ক্রিয়াবিশেষণরূপে (B) বিশেষ্যের বিশেষণরূপে
(C) সর্বনামের বিশেষণরূপে (D) বিশেষ্যরূপে

9. "বাড়িতে যিনি কনিষ্ঠা বধু ছিলেন তিনি মাতৃহীন বালকদের ভার লইলেন।" উদ্ভূত বাক্যটিতে বিশেষণ পদ রয়েছে—

- (A) ২টি (B) ১টি
(C) ৩টি (D) ৪টি

10. "তখনই বউঠাকুরানী তাড়াতাড়ি তাহাকে ভর্ৎসনা করিয়া ঘর হইতে টানিয়া বাহির করিয়া লইয়া গেলেন।"— উদ্ভূত বাক্যটিতে অসমাপিকা ক্রিয়াপদের সংখ্যা—

- (A) ২টি (B) ৪টি
(C) ৬টি (D) ৭টি

11. "...শিশুকালে সেই প্রাণশক্তি নবীন ও প্রবল থাকে..."

—উদ্ভূত বাক্যাংশটির বিধেয় হল—

- (A) শিশুকালে সেই নবীন ও প্রবল থাকে
(B) সেই প্রাণশক্তি নবীন ও প্রবল থাকে
(C) শিশুকালে নবীন ও প্রবল থাকে
(D) সেই প্রাণশক্তি

12. নীচে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোনটি ঠিক?

- (A) নিয়ন্ + তা = নিয়ন্তা (B) ব্ন্ + হিত = বৃংহিত
(C) উন্ + নয়ন = উন্নয়ন (D) তদ্ + ত্ব = তত্ব

13. সন্ধির সূত্র অনুযায়ী নীচে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোনটি ঠিক নয়?

- (A) দ্ + ক্ হলে 'দ'-এর জায়গায় 'ৎ' হয়
(B) দ্ + প্ হলে 'দ'-এর জায়গায় 'ৎ' হয়

(C) দ্ + ল্ হলে 'দ্'-এর জায়গায় 'ধ্' হয়

(D) দ্ + স্ হলে 'দ্'-এর জায়গায় 'ৎ' হয়

14. নীচে প্রদত্ত মন্তব্য ও তার সমর্থনে যুক্তির মধ্যে শুষ্ক-অশুষ্ক বিচারের নিরিখে বিকল্প থেকে ঠিক উত্তরটি নির্বাচন করুন।

মন্তব্য : ব্যাকরণের পুরুষ কথাটির সঙ্গে স্ত্রী-পুরুষ লিঙ্গবোধের কোনো সম্পর্ক নেই।

যুক্তি : ব্যাকরণে পুরুষ হল ক্রিয়ার আশ্রয়।

বিকল্প

- (A) মন্তব্য ও যুক্তি দুই-ই শুষ্ক
(B) মন্তব্য ও যুক্তি দুই-ই অশুষ্ক
(C) মন্তব্য শুষ্ক কিন্তু যুক্তি অশুষ্ক
(D) মন্তব্য অশুষ্ক কিন্তু যুক্তি শুষ্ক

15. নীচের কোনটি 'আকাশ' শব্দের সমার্থক শব্দ নয়?

- (A) ত্রিদিব (B) রত্নাবতী
(C) সুরবর্ষ (D) সুরপথ

16. তোমার স্কুল কি আজ ছুটি ছিল? উদ্ধৃত বাক্যটির উদ্দেশ্য হল—

- (A) তুমি (উহা) (B) তোমার
(C) তোমার স্কুল (D) আজ

17. নীচের কোনটি 'সমুদ্র' শব্দের সমার্থক?

- (A) ইরাবান (B) সমুদ্রাসন
(C) পাটক (D) কলাভূৎ

18. "হঠাৎ বলেন, 'গেলুম গেলুম, আমায় ধরে তোল!'"

—উদ্ধৃত অংশটির নিম্নরেখ ক্রিয়াপদের কাল—

- (A) সাধারণ বর্তমান কাল (B) পুরাঘটিত বর্তমান কাল
(C) সাধারণ অতীত কাল (D) পুরাঘটিত অতীত কাল

19. নীচের কোন বাক্যটিতে গঠনগত ভুল আছে?

- (A) আকর্ষণ খেয়ে হাঁসফাঁস করছি।
(B) সব ছেলেরা, চলে এসো।
(C) সবাই শুধু আমার কথা শোনো।
(D) নিজের নিজের বই হাতে রাখো।

নিম্নলিখিত গদ্যাংশটি পড়ে 20 থেকে 24 পর্যন্ত প্রশ্নগুলির উত্তর দিন।

আমার জীবনের ঘটনা বিশেষ কিছুই নাই এবং আমার জীবনচরিত্র লিপিবদ্ধ করিবার যোগ্য নহে।

আমার জন্মের তারিখ ৬ই মে ১৮৬১ খ্রিস্টাব্দ। বাল্যকালে ইকুল পালাইয়াই কাটাইয়াছি। নিতান্তই লেখার বাতিক ছিল বলিয়া শিশুকাল হইতে কেবল লিখিতেছি। যখন আমার বয়স ১৬ সেই সময় ভারতী পত্রিকা বাহির হয়। প্রধানত এই পত্রিকাতেই আমার গদ্য লেখা অভ্যস্ত হয়।

আমার ১৭ বছর বয়সে মেজদাদার সঙ্গে বিলাত যাই—এই সুযোগে ইংরাজি শিক্ষার সুবিধা হইয়াছিল। লন্ডন বিশ্ববিদ্যালয়ে কিছুকাল অধ্যাপক হেনরি মর্লির ক্লাসে ইংরাজি সাহিত্য চর্চা করিয়াছিলাম।

এক বৎসরের কিছু উর্ধ্বকাল বিলাতে থাকিয়া দেশে ফিরিয়া আসি। জাহাজে "ভগ্নহৃদয়" নামক এক কাব্য লিখিতে শুরু করি—দেশে আসিয়া তাহা শেষ হয়। অল্পকালের মধ্যে সন্ধ্যা সঙ্গীত, প্রভাত সঙ্গীত, প্রকৃতির প্রতিশোধ প্রকাশিত হইয়াছিল। আমার ২৩ বৎসর বয়সে শ্রীমতী মৃগালিনী দেবীর সহিত আমার বিবাহ হয়।

ছবি ও গান, কড়ি ও কোমল, মানসী, রাজা ও রাণী, সোনার তরী প্রভৃতি কাব্যগুলি পরে পরে বাহির হইয়াছে। তাহাদের প্রকাশের তারিখ প্রভৃতি আমার মনে নাই।

সোনার তরীর কবিতাগুলি প্রায় সাধনা পত্রিকাতেই লিখিত হইয়াছিল। আমার ভ্রাতৃপুত্র শ্রীযুক্ত সুধীন্দ্রনাথ তিন বৎসর এই কাগজের সম্পাদক ছিলেন। চতুর্থ বৎসরে ইহার সম্পূর্ণভার আমাকে লইতে হইয়াছিল। সাধনা পত্রিকার অধিকাংশ লেখা আমাকে লিখিতে হইত এবং অন্য লেখকদের রচনাতেও আমার হাত ভুরিপরিমাণে ছিল।

এই সময়েই বিষয় কর্মের ভার আমার প্রতি অপিত হওয়াতে সর্বদাই আমাকে জলপথে ও স্থলপথে পল্লীগ্রামে ভ্রমণ করিতে হইত—কতকটা সেই অভিজ্ঞতার উৎসাহে আমাকে ছোটো গল্প রচনায় প্রবৃত্ত করিয়াছিল।

সাধনা বাহির হইবার পূর্বেই হিতবাদী কাগজের জন্ম হয়। যাঁহারা ইহার জন্মদাতা ও অধ্যক্ষ ছিলেন তাঁহাদের মধ্যে কৃষ্ণকমলবাবু, সুরেন্দ্রবাবু, নবীনচন্দ্র বড়ালই প্রধান ছিলেন। কৃষ্ণকমলবাবুও সম্পাদক ছিলেন, সেই পত্রে প্রতি সপ্তাহেই আমি ছোটো গল্প সমালোচনা ও সাহিত্যপ্রবন্ধ লিখিতাম। আমার ছোটো গল্প লেখার সূত্রপাত এখানেই। ছয় সপ্তাহকাল লিখিয়াছিলাম।

সাধনা চারিবৎসর চলিয়াছিল। বন্দু হওয়ার কিছুদিন পরে একবৎসর ভারতীর সম্পাদক ছিলাম, এই উপলক্ষ্যেও গল্প ও অন্যান্য প্রবন্ধ কতকগুলি লিখিতে হয়।

আমার পরলোকগত বন্দু শ্রীশচন্দ্র মজুমদারের বিশেষ অনুরোধে বঙ্গদর্শন পত্র পুনরুজ্জীবিত করিয়া তাহার সম্পাদনভার গ্রহণ করি। এই উপলক্ষ্যে বড়ো উপন্যাস লেখায় প্রবৃত্ত হই। তরুণ বয়সে ভারতীতে বৌঠাকুরাণীর হাট লিখিয়াছিলাম। ইহাই আমার প্রথম বড়ো গল্প।

এই সময়ে আমি বোলপুর শান্তিনিকেতন আশ্রমে ব্রহ্মচর্যাশ্রম নামক বিদ্যালয়ের প্রতিষ্ঠা করি। ব্রহ্মবান্ধব উপাধ্যায় তখন আমার সহায় ছিলেন—তখন তাঁহার মধ্যে রাষ্ট্রনৈতিক উৎসাহের অঙ্কুরমাত্রও কোনোদিন দেখি নাই—তিনি তখন একদিকে বেদান্ত অন্যদিকে রোমান ক্যাথলিক খ্রিস্টানধর্মের মধ্যে নিমগ্ন ছিলেন। কোনোকালেই বিদ্যালয়ের অভিজ্ঞতা আমার না থাকাতে উপাধ্যায়ের সহায়তা আমার পক্ষে বিশেষ ফলপ্রদ হইয়াছিল। বিদ্যালয়ের দুই এক বৎসর চলার পর ১৩০৭ সালে আমার স্ত্রীর মৃত্যু হয়।

বঙ্গদর্শন পাঁচবৎসর চালাইয়া তাহার সম্পাদকতা পরিত্যাগ করিয়াছি। এক্ষণে বিদ্যালয় লইয়া নিযুক্ত আছি।

উপাধ্যায় মোহিত চন্দ্র সেন মহাশয়ের সহিত আমার আলাপ দিয়াছিলেন। তিনি আমার বিদ্যালয়ের প্রতি বিশেষ শ্রদ্ধাবান ছিলেন—কিছুকাল ইহাকে তিনি চালনা করিয়াছিলেন। এই সময়ে তিনি আমার কাব্যগ্রন্থাবলী বিস্তর পরিশ্রমে Edit করিয়াছিলেন। সেই গ্রন্থে বিষয় ভেদ অনুসারে আমার সমস্ত কবিতাকে ভিন্ন ভিন্ন ভাগে বিভক্ত করিয়া তিনি প্রকাশ করিয়াছেন।

আমার জীবন ও রচনার ইতিহাস সংক্ষেপে উপরে লিখিয়া দিলাম। সন তারিখের কোনো ধার ধারি না।

আমার অতি বাল্যকালেই মা মারা গিয়াছিলেন—তখন বোধ হয় আমার বয়স ১১/১২ বৎসর হইবে। তাঁহার মৃত্যুর দুই একবৎসর পূর্বে আমার পিতা আমাকে সঙ্গে করিয়া অমৃতসর হইয়া ড্যালহৌসী পর্বতে ভ্রমণ করিতে যান—সেই আমার বাহিরের জগতের সহিত প্রথম পরিচয়। সেই ভ্রমণটি আমার রচনার মধ্যে নিঃসন্দেহ যথেষ্ট প্রভাব বিস্তার করিয়া ছিল। সেই তিনমাস পিতৃদেবের সহিত একত্র সহবাসকালে

তাঁহার নিকট হইতে ইংরাজি ও সংস্কৃতভাষা শিক্ষা করিতাম এবং মুখে মুখে জ্যোতিষশাস্ত্র আলোচনা ও নক্ষত্র পরিচয়ে অনেক সময় কাটিত। এই যে স্কুলের বন্দন ছিন্ন করিয়া মুক্ত প্রকৃতির মধ্যে তিনমাস স্বাধীনতার স্বাদ পাইয়াছিলাম ইহাতেই ফিরিয়া আসিয়া বিদ্যালয়ের সহিত আমার সংস্রব বিচ্ছিন্ন হইয়া গেল। এই শেষ বয়সে বিদ্যালয় স্থাপন করিয়া তাহার শোধ দিতেছি—এখন আমার আর পালাইবার পথ নাই—ছাত্ররাও যাহাতে সর্বদা পালাইবার পথ না খোঁজে সেইদিকেই আমার দৃষ্টি।

20. “সেই পত্রে প্রতি সপ্তাহেই আমি ছোটো গল্প সমালোচনা ও সাহিত্যপ্রবন্ধ লিখিতাম।”—উদ্ধৃত অংশটিতে ‘সেই পত্রে’ বলতে যে পত্রিকার কথা বোঝানো হয়েছে, সেটি হল—

- (A) বঙ্গদর্শন (B) প্রবাসী
(C) হিতবাদী (D) তত্ত্ববোধিনী

21. “এই সময়েই আমি বোলপুর শান্তিনিকেতন আশ্রমে ব্রহ্মচর্যাশ্রম নামক বিদ্যালয়ের প্রতিষ্ঠা করি।”—নিম্নরেখ ক্রিয়াপদের রূপটির কাল—

- (A) সাধারণ বর্তমান কাল (B) সাধারণ অতীত কাল
(C) পুরাঘটিত বর্তমান কাল (D) পুরাঘটিত অতীত কাল

22. “এই শেষ বয়সে বিদ্যালয় স্থাপন করিয়া তাহার শোধ দিতেছি...” —উদ্ধৃত অংশে কোন্ ঘটনার শোধ দেওয়ার কথা বলা হয়েছে?

- (A) বাবার কাছে ইংরেজি ও সংস্কৃত ভাষা শেখার
(B) বিদ্যালয় স্থাপন করেও মনোমতো উপায়ে কাজ করতে না পারার
(C) বাবার সঙ্গে ঘুরে আসার পরে আর বিদ্যালয়ে যোগদান না করার
(D) ছাত্রদের সর্বদা পালানোর পথ খুঁজতে চাওয়ার

23. “এই সময়ে তিনি আমার কাব্যগ্রন্থাবলী বিস্তর পরিশ্রমে Edit করিয়াছিলেন।”—নিম্নরেখ পদটির বর্ণ বিশ্লেষণ করে পাওয়া যায়—

- (A) ক্ + আ + ব্ + অ + য্ + অ + গ্ + র্ + অ + ন্ +
হ্ + আ + ব্ + অ + ল্ + ঙ্

- (B) ক + আ + ব + য + অ + গ + র + অ + ন + হ +
আ + র + অ + ল + ঙ্গ
- (C) ক + আ + ব + য + অ + গ + র + অ + ন + থ +
আ + ব + অ + ল + ঙ্গ
- (D) ক + আ + ব + অ + য + অ + গ + র + অ + ন +
থ + আ + ব + অ + ল + ঙ্গ

24. উদ্ভূত অংশটিতে কতগুলি সাময়িক পত্রের নাম রয়েছে?

- (A) ৩টি (B) ৪টি
(C) ৫টি (D) ৬টি

25. নীচের কোন বানানটি শুদ্ধ?

- (A) দক্ষিণায়ন (B) দক্ষিণায়ণ
(C) দক্ষিনায়ন (D) দক্ষিনায়ণ

26. নীচের মন্তব্যগুলির শুদ্ধাশুদ্ধ বিচারের নিরিখে প্রদত্ত বিকল্প থেকে ঠিক উত্তরটি চিহ্নিত করুন।

- (a) বাংলায় 'ই', 'এ', 'অ্যা' পশ্চাৎ ধ্বনি
(b) বাংলায় 'উ', 'ও', 'অ' সম্মুখ ধ্বনি
(c) বাংলায় 'আ' কেন্দ্রীয় ধ্বনি
(d) বাংলায় 'উ', 'ও', 'অ' পশ্চাৎ ধ্বনি
বিকল্প

	(a)	(b)	(c)	(d)
(A)	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ
(B)	শুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
(C)	অশুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ	শুদ্ধ
(D)	শুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	অশুদ্ধ

27. লিঙ্গ পরিবর্তনের দিক থেকে নীচের কোন মন্তব্য শুদ্ধ?

- (A) 'ওজস্বী' শব্দটি স্ত্রীলিঙ্গবাচক
(B) 'ওজস্বী' শব্দের স্ত্রীলিঙ্গ 'ওজস্বিনী'
(C) 'ওজস্বীন' শব্দের স্ত্রীলিঙ্গ 'ওজস্বী'
(D) 'ওজস্বী' শব্দের স্ত্রীলিঙ্গ 'ওজস্বিনী'

28. 'স্ত্রী'-এর মধ্যে যুক্ত হয়ে থাকা বর্ণের সংখ্যা—

- (A) ১টি (B) ২টি
(C) ৩টি (D) ৪টি

29. বাংলা ভাষায় 'দ' ধ্বনিটি—

- (A) দন্ত্য ধ্বনি (B) মূর্ধ্য ধ্বনি
(C) তালব্য ধ্বনি (D) কণ্ঠ্য ধ্বনি

30. নীচে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোনটি ঠিক নয়?

- (A) মহা + ঝষভ = মহাঝষভ
(B) ভরত + ঝষভ = ভরতঝষভ
(C) উত্তম + ঝণ = উত্তমর্ণ
(D) শীত + ঝত = শীতাত

ইংরেজি

Read the following passage to answer Q. nos. 31 to 34:

When children develop their mother tongue, they are simultaneously fostering a whole host of other essential skills, such as critical thinking and literacy skills. It is this skill-set that take with them into formal education, and research tells us that any skill and concept gained in the learner's home language don't need to be re-taught when they transfer to a second language. Language and mother tongue also play a huge role in the development of personal, social and cultural identity. Children with a strong foundation in their first language often display a deeper understanding of themselves and their place within society, along with an increased sense of well-being and confidence. Naturally, this flows down into every aspect of their lives, including their academic achievement. In all education the primary place should be given to training in the exact and free use of mother tongue. Mother tongue is the true vehicle of mother wit. Another medium of speech may bring with it a current of new ideas. But the mother tongue is one with the air in which a man is born. It is through the vernacular that new conceptions of the mind should press their way to birth in speech. A man's native speech is almost like his shadow, inseparable from his personality. In our way of speech, we must, as the old saying runs, drink water out of our own cistern, for each one of us is a member of community. It is through our vernacular, through our folk speech that most of us attain the characteristic expression of our nature.

31. A man's indigenous speech is almost like his—

- (A) soul (B) shadow
(C) pillow (D) attire

32. Through the vernacular, most human beings accomplish—

- (A) artificiality
(B) fragmented expression
(C) wrong ideas
(D) characteristic expression

33. According to the old saying, we should drink water out of our own—

- (A) packet (B) tavern
(C) cistern (D) box

34. In education, training in the free use of mother tongue should be given—

- (A) secondary place (B) primary place
(C) tertiary place (D) intermediary place

Mark the correct arrangement of the following words as these would appear in the dictionary, from first to last (Q.no. 35 & 36):

35. (i) receptacle
(ii) reception
(iii) receptionist
(iv) receptive
(A) (i), (ii), (iii), (iv) (B) (ii), (i), (iv), (iii)
(C) (iii), (iv), (i), (ii) (D) (iv), (iii), (i), (ii)

36. (i) precipitate
(ii) precedent
(iii) precision
(iv) precious
(A) (iii), (i), (iv), (ii) (B) (ii), (iv), (i), (iii)
(C) (i), (iii), (ii), (iv) (D) (ii), (i), (iv), (iii)

Mark correctly the antonyms of the following words (Q.no. 37 & 38):

37. sporadic—
(A) continuous (B) interval
(C) decent (D) repel

38. malice—
(A) intention (B) benevolence
(C) spite (D) morose

Mark correctly the plural forms of the following words (Q.no. 39-41):

39. corpus—
(A) corpusses (B) corpora
(C) corpos (D) corpori
40. appendix—
(A) appendixes (B) appendices
(C) appendixes (D) appendieces
41. cactus—
(A) cactuss (B) cacti
(C) cactu (D) cactis

Mark correctly the change in gender of the following words (Q. no. 42-44):

42. protector
(A) protecti (B) protectoress
(C) protectress (D) protectum
43. gander—
(A) goose (B) heifer
(C) gandress (D) duchess
44. colt—
(A) doe (B) sow
(C) filly (D) ewe

Mark correctly the synonyms of the following words (Q.no. 45 & 46):

45. conscientious—
(A) scrupulous (B) rebellious
(C) mischievous (D) ridiculous
46. abhor—
(A) simplicity (B) boast
(C) abstract (D) detest

Read the following passage to answer Q.nos. 47 to 50:

The man who perpetually hesitates which of the two things he will do first, will do neither.

The man who resolves but changes his resolution at the first counter-suggestion of a friend, who fluctuates from opinion to opinion, from plan to plan and veers like a weathercock to every point of the compass, with every breath of caprice that blows, can never accomplish anything great or useful. Whimsicality and vacillations are the bedrocks on which the edifice of failure is constructed. Nothing worthy, nothing fruitful is born out of a mind that is like a ship without a radar, drifting aimlessly on the high ocean of life. It is only the man who first consults wisely, then resolves firmly and then executes his purpose with inflexible perseverance, undismayed by those petty difficulties which daunt a weaker spirit, that can advance to prominence in any field. The course is to be taken wisely and firmly. Once taken, it has to be pursued with heroic resolution. With indomitable spirit and unquestionable dedication to the purpose, one can conquer the universe.

47. The course is to be taken with—
 (A) wisdom and hesitation
 (B) care and thoughtless action
 (C) bravery and whimsicality
 (D) firmness and wisdom
48. In the passage, an indecisive man is compared to a—
 (A) wall clock (B) magnet
 (C) compass (D) weathercock
49. With firm spirit and proper dedication, the universe can be—
 (A) won (B) lost
 (C) sold (D) hired
50. One can advance to prominence in any field if one—
 (A) thinks only
 (B) only resolves wisely

- (C) only plans to execute the purpose properly
 (D) resolves, consults and executes properly

Mark correctly the appropriate form of verbs that fit in the blanks (Q. no. 51-53):

51. If I _____ a bird, I would fly.
 (A) am (B) was
 (C) were (D) have been
52. He found the book he _____.
 (A) has lost (B) was lost
 (C) had lost (D) would have lost
53. Hardly had the girl _____ writing, when the teacher collected her answer script.
 (A) had finished (B) have finished
 (C) finished (D) finishes

Mark the correct spelling from the options given below (Q. no. 54-56):

54. (A) assimilate (B) asimillate
 (C) assimillate (D) asimilate
55. (A) apalling (B) appalling
 (C) appalling (D) appaling
56. (A) rejuvenate (B) rejuvenate
 (C) rijuvinate (D) rejuvenete

Mark correctly the part of the sentences which has an error. If the sentences are correct mark 'D' (No error) (Q.no. 57 & 58):

57. Samir has to trudge over the
 (A) (B)
steep mountain path No error
 (C) (D)
58. Treasure Island is one of the best pirate stories
 (A) (B)
that ever written. No error
 (C) (D)

Mark correctly the appropriate prepositions that fit in the blanks (Q. no. 59 & 60):

59. An application was written to the officer in pursuance _____ the instructions given.
 (A) by (B) upon
 (C) for (D) of
60. The distance of the school _____ the railway station is two kilometres.
 (A) over (B) from
 (C) on (D) to

শিশুশিক্ষা ও উন্নয়ন এবং শিশুমনস্তত্ত্ব

61. শিখনের অ্যাসেসমেন্ট অভীষ্ট সাধন করে যখন—
 (A) এটি শিক্ষার্থী ও শিক্ষকের 'ফিডব্যাক' হিসেবে কাজ করে
 (B) এটি বছরের শেষে একবার মাত্র করা হয়
 (C) এটি তুলনামূলক মূল্যায়নের মাধ্যমে ছাত্রছাত্রীদের পারদর্শিতার পার্থক্য করে
 (D) এটি ছাত্রছাত্রীদের মধ্যে ভয় ও চাপের সৃষ্টি করে
62. নিম্নোক্ত কোন দক্ষতাগুলি মানসিকভাবে কম বিকাশপ্রাপ্ত শিশুদের জন্য জরুরি?
 (A) জীবন দক্ষতাসমূহ (B) অভিযোজন দক্ষতাসমূহ
 (C) যোগাযোগ দক্ষতাসমূহ (D) সংখ্যাগত দক্ষতাসমূহ
63. একজন শিক্ষক শিক্ষার্থীদের সর্বদা সাহায্য করে যাতে তারা একটি বিষয়ে অর্জিত জ্ঞানের সঙ্গে অপর বিষয়ের সম্পর্ক স্থাপন করতে পারে। এটি সাহায্য করে—
 (A) ব্যক্তিগত পার্থক্যকে (B) শিক্ষার্থীর স্বাধীনতা
 (C) শক্তিদায়ী উদ্দীপকের সরবরাহে
 (D) অনুবন্ধ এবং জ্ঞানের সংগঠনে
64. শিক্ষাদান প্রক্রিয়ায় শিক্ষার্থীর পারফরম্যান্স একটি—
 (A) নির্ভরশীল চল (B) স্বাধীন চল
 (C) মধ্যস্থ চল (D) নিয়ন্ত্রিত চল
65. শিক্ষার্থী কাজের একটি সংগ্রহ যাতে, একটি বিশেষ স্থানের শিক্ষার্থীদের বৃন্দ্বি, আত্ম-প্রতিবন্দ্বি এবং কৃতিত্ব জানা যায়, তাকে বলা হয়
 (A) মূল্যায়ন (B) বিচারকগণ
 (C) পোর্টফোলিও (D) কিউমুলেটিভ নথি

66. শিক্ষাগত বৈশিষ্ট্য : পরিমাপের উপায়:

- (a) পারদর্শিতা (I) পরীক্ষা
 (b) শিখন (II) অ্যাসেসমেন্ট
 (c) আগ্রহ (III) সাক্ষাৎকার

উপযুক্ত জুটি হল—

- (A) (a) (III) (B) (b) (II)
 (C) (c) (I) (D) (b) (I)

67. বিশেষ চাহিদাসম্পন্ন শিশুর অন্তর্ভুক্তিকরণ—

- (A) সাধারণ শিশুদের পক্ষে ক্ষতিকারক
 (B) বিদ্যালয়ের বোঝা বাড়িয়ে তুলবে
 (C) মনোভাব, বিষয়বস্তু এবং শিক্ষাদানের পদ্ধতির বদল দাবি করে
 (D) একটি অবাস্তব লক্ষ্য

68. প্রতিভাবান শিক্ষার্থীদের নিরিখে 'acceleration'-এর অর্থ—

- (A) তাদের মূল্যায়নের পদ্ধতি ত্বরান্বিত করা
 (B) তাদের পাঠসংক্রান্ত কার্যাবলির লেনদেন ত্বরান্বিত
 (C) স্বাভাবিক শিক্ষার্থীদের থেকে আগেই উপরের তুলতে করা
 (D) তাদের সহপাঠক্রমিক কার্যাবলি দ্রুততর করা

69. I, II, III এবং IV এই চারটি MCQ ধরনের প্রশ্নে সঠিক—

উত্তরের শতকরা হার হল যথাক্রমে 05, 20, 50 এবং 85। অন্য সব বিষয় একই থাকলে সর্বোত্তম প্রশ্নটি হবে—

- (A) I (B) II
 (C) III (D) IV

70. একটি অভীক্ষায় একই জাতীয় অনেক প্রশ্ন আছে। অভীক্ষাটি হবে—

- (A) পারদর্শিতার অভীক্ষা
 (B) নির্ণায়ক অভীক্ষা
 (C) পূর্বাভাসমূলক অভীক্ষা
 (D) ক্রাইটেরিয়াম রেফারেন্সড টাইপ

71. বিকাশের স্তরগুলি একজন শিক্ষকের কাছে গুরুত্বপূর্ণ—

- (i) শিক্ষণ ও শিখনের স্বাচ্ছন্দ্যকর পরিবেশ গড়ে তোলার জন্য
 (ii) একটি শিশু যে সমস্ত সমস্যার সম্মুখীন হয় তা জানা ও বোঝার জন্য

- (iii) শিশুর সঙ্গে কার্যকরী যোগাযোগ স্থাপন করার জন্য—
—উপরিউক্ত বক্তব্যগুলির মধ্যে কোন্ সেটটি (A, B, C, D) কার্যকরী শিক্ষাদানের জন্য উপযোগী?
- (A) শুধুমাত্র (i) (B) শুধুমাত্র (ii)
(C) (i) ও (iii) উভয়ই (D) (i), (ii) ও (iii)
72. গুণের জন্য সহজেই গণক ব্যবহার করা যায়, তবুও শিক্ষার্থীদের হাতেকলমে গুণ শেখাই কারণ—
- (A) শিক্ষার ঐতিহ্য বজায় রাখা
(B) গুণের ফলাফল যাচাই করা
(C) সৃজনশীলতার বিকাশ
(D) চিন্তা ও যুক্তির বিকাশ
73. 5E মডেলের 5E শিখন-শিক্ষণের স্তরগুলি হল:
- (i) মূল্যায়ন (Evaluation)
(ii) অন্বেষণ (Exploration)
(iii) সম্প্রসারণ (Elaboration)
(iv) ব্যাখ্যা (Explanation)
(v) নিযুক্তি (Engagement)
- স্তরগুলির সঠিক সজ্জা হল—
- (A) (i), (ii), (iii), (iv), (v)
(B) (i), (iii), (ii), (iv), (v)
(C) (v), (ii), (iv), (iii), (i)
(D) (v), (iv), (ii), (iii), (i)
74. বিকাশের cephalocaudal সূত্র অনুসারে বিকাশ অগ্রগতি পায়—
- (A) বিভিন্ন থেকে সমন্বিত কার্যাবলির দিকে
(B) মাথা থেকে পায়ের আঙুলের দিকে
(C) গ্রাম্য থেকে শহুরে এলাকার দিকে
(D) সাধারণ থেকে বিশেষ কার্যাবলির দিকে
75. লিঙ্গভেদ একটি—
- (A) শারীরবৃত্তীয় ধারণা (B) জন্মগত গুণ
(C) সামাজিক ধারণা (D) জীবতাত্ত্বিক অস্তিত্ব/সত্তা
76. শিক্ষার নিরিখে সামাজিকীকরণ হল—
- (A) সামাজিক পরিবেশের সাথে অভিযোজন ও সংগতিসাধন
(B) সবসময় সামাজিক নিয়ম মেনে চলা
(C) নিজের জন্য সামাজিক নিয়ম সৃষ্টি করা
(D) সমাজে বড়োদের শ্রদ্ধা করা

77. মুরশিদাবাদের ভূগোল এবং ইতিহাস একসাথে অর্থপূর্ণ, দ্রুত ও আকর্ষণীয়ভাবে পড়ানোর উপায়টি হবে—
- (A) খেলাভিত্তিক (B) অনুবন্দ্য পদ্ধতি
(C) আরোহ পদ্ধতি (D) গল্প বলা
78. একটি শিশু জানে $4+2=6$, কিন্তু জানে না $4=6-2$ । শিশুটির বিকাশের স্তর হল—
- (A) সেন্সরিমোটর (Sensorimotor) (B) প্রিঅপারেশন (Preoperation)
(C) কনক্রিট অপারেশন (Concrete operation) (D) ফর্মাল অপারেশন (Formal operation)
79. উডওয়ার্থ 'individual' কথাটির দ্বারা বুঝিয়েছেন—
- (A) দেহকে
(B) মনকে
(C) ব্যক্তির আচরণকে
(D) মানসিক প্রক্রিয়া ও দৈহিক আচরণ— উভয়কে
80. বুদ্ধির Triarchic তত্ত্ব অনুযায়ী বাস্তব বুদ্ধি প্রসঙ্গে নিম্নলিখিত কোন্ বিকল্পটি ভুল?
- (A) পরিবেশকে পুনরায় আকার দেওয়া
(B) বাস্তবসম্মতভাবে একজনের প্রসঙ্গেই ভাবা
(C) যে পরিবেশে শিশু সফল হয় সেই পরিবেশটি নির্বাচন করা
(D) পরিবেশের সঙ্গে মানিয়ে নেওয়া
81. 'শিক্ষার অধিকার আইন-2009' 6 থেকে 14 বছর পর্যন্ত সমস্ত শিশুর জন্য উৎকর্ষতা আছে এমন শিক্ষার নিশ্চয়তা প্রদান করে। এখানে শিক্ষার উৎকর্ষতা বলতে বোঝায়—
- (A) ব্যয়বহুল টি. এল. এম.-এর ব্যবহার
(B) মুখস্থবিদ্যা
(C) শ্রেণিকক্ষের সাথে বাস্তব জগতের/পরিবেশের সঙ্গে সম্পর্ক স্থাপন
(D) চাপিয়ে দেওয়া শৃঙ্খলা
82. প্রশ্নগুচ্ছ হল—
- (A) একটি যন্ত্র যেখানে অনেক প্রশ্ন থাকে যার উত্তর উত্তরদাতা নিজেই দেন
(B) একটি যন্ত্র যেখানে অনেক লোকের কাছ থেকে প্রশ্ন সংগ্রহ করা হয়

- (C) একটি যন্ত্র যার দ্বারা শ্রেণির কাজের থেকে উত্তর সংগ্রহ করা হয়
- (D) একটি যন্ত্র যার দ্বারা বিভিন্ন প্রশ্ন প্রস্তুত করা হয়
83. লেভ ভাইগটস্কির সামাজিক নির্মিতবাদ তত্ত্ব অনুযায়ী নিম্নোক্ত কোন্ পদ্ধতিটি ছাত্রছাত্রীদের মূল্যায়নের জন্য উপযোগী?
- (A) আদর্শায়িত অভীক্ষা
- (B) বাস্তবভিত্তিক অনুস্মরণ প্রশ্নাবলি
- (C) নৈর্ব্যক্তিক বহুনির্বাচনী প্রশ্নাবলি
- (D) সহযোগিতামূলক প্রকল্প
84. 'আরশোলা পাখি নয়'—এইভাবে পাখির উপর প্রথম পাঠে ঋণাত্মক উদাহরণের সাহায্যে পাঠদান শুরু করতে নিষেধ করেছিলেন—
- (A) বুনর (B) পিয়াজেঁ
- (C) স্কিনার (D) বিনে
85. বিদ্যালয়ে সহপাঠক্রম সংক্রান্ত কার্যক্রমে নিম্নলিখিত কোনটি অপ্রয়োজনীয়?
- (A) শিক্ষাক্ষেত্রে প্রাসঙ্গিকতা
- (B) গঠনমূলক
- (C) গণতান্ত্রিক পরিবেশ
- (D) অসহযোগিতা
86. শিক্ষার্থী সম্পর্কে কয়েকটি উক্তি:
- (i) শিশুরা জ্ঞানের নিষ্ক্রিয় প্রাপক
- (ii) শিশুরা সমস্যা সমাধানকারী
- (iii) শিশুরা বিজ্ঞানসম্মত অন্বেষণে আগ্রহী
- (iv) শিশুরা পরিবেশের সক্রিয় অনুসন্ধানকারী
- শিক্ষার্থীদের সম্পর্কে উক্তিগুলির মধ্যে কোন্ সেটটি ঠিক?
- (A) (ii), (iii), এবং (iv)
- (B) (i), (ii), (iii) এবং (iv)
- (C) (i), (ii), এবং (iii)
- (D) (i), (ii) এবং (iv)
87. চমস্কির মতে ভাষাশিক্ষার ক্ষেত্রে ব্যক্তির একটি জন্মগত ক্ষমতা হল তার অনন্য জীবতাত্ত্বিক বংশগতির ফলশ্রুতি, একে বলে—
- (A) ল্যাঙ্গুয়েজ অ্যাডাপটেশন ডিগ্রি
- (B) ল্যাঙ্গুয়েজ অ্যাকুইজিশন ডিভাইস

- (C) ল্যাঙ্গুয়েজ অ্যাকসেপটান্স ডিসায়ার
- (D) ল্যাঙ্গুয়েজ অ্যাকুয়ার ডোমেইন
88. নিম্নলিখিত কোন্ বিকল্পটি শিশুর আবেগগত বিকাশের জন্য সবচেয়ে ভালো ব্যবস্থাপনা?
- (A) শ্রেণিকক্ষের গণতান্ত্রিক পরিবেশ
- (B) যেহেতু এটি পিতা-মাতার কাজ তাই শিক্ষকের কোনো ভূমিকা না থাকা
- (C) নিয়ন্ত্রিত শ্রেণিকক্ষের পরিবেশ
- (D) শ্রেণিকক্ষে স্বৈরাচারী পরিবেশ
89. শিখনের ক্ষেত্রে প্রস্তুতির সূত্রটির সাথে সাদৃশ্যপূর্ণ হল—
- (A) স্কীমা (B) প্রেষণা
- (C) উদ্দীপক (D) প্রতিক্রিয়া
90. একজন শিক্ষার্থী বই-এর রচনাকে কিছু পরিবর্তন করে মুখস্থ করল, এই প্রক্রিয়াটি হবে—
- (A) অ্যাডপশন (Adoption)
- (B) অর্গানাইজেশন (Organization)
- (C) অ্যাসিমিলেশন (Assimilation)
- (D) অ্যাকোমোডেশন (Accommodation)
91. সরল করুন :
- $$\left(\frac{1}{9} \times \frac{1}{9} + \frac{9}{10} \times \frac{9}{10} - \frac{1}{9} \times \frac{1}{9} - \frac{9}{10} \times \frac{9}{10} \right) + \left(\frac{1}{9} + \frac{9}{10} - \frac{1}{9} - \frac{9}{10} \right) \times \left(\frac{1}{10} - \frac{9}{9} \right)$$
- (A) 0 (B) $\frac{81}{100}$
- (C) 1 (D) 2
92. ABC ত্রিভুজের AB=AC=20 সেমি। $\angle BAC=30^\circ$ । ত্রিভুজটির ক্ষেত্রফল কত?
- (A) 200 বর্গসেমি. (B) 150 বর্গসেমি.
- (C) 100 বর্গসেমি. (D) 50 বর্গসেমি.

93. $(1.1) \times (1.1) \times (1.1) + (1.2) \times (1.2) \times (1.2) + (1.3) \times (1.3) \times (1.3) - 3 \times (1.1) \times (1.2) \times (1.3) =$
- (A) $(0.5) \times (1.1 + 1.2 + 1.3) \times \{(1.1 - 1.2)^2 + (1.2 - 1.3)^2 + (1.3 - 1.1)^2\}$
- (B) $\frac{1}{2} \times (1.1 + 1.2 + 1.3) \times \{(1.1 + 1.2)^2 + (1.2 + 1.3)^2 + (1.3 + 1.1)^2\}$

(C) $(0.5) \times (1.1+1.2-1.3) \times \{(1.1-1.2)^2 + (1.2-1.3)^2 + (1.3-1.1)^2\}$

(D) $\frac{1}{2} \times (1.1-1.2+1.3) \times \{(1.1-1.2)^2 + (1.2+1.3)^2 + (1.3-1.1)^2\}$

94. তিনটি ভিন্ন সংখ্যার মধ্যে দুটি করে নিয়ে গুণ করলে গুণফল যথাক্রমে 42, 84 ও 72 হয়। সংখ্যা তিনটির ল.সা.গু. কত?

- (A) 84 (B) 724
(C) 420 (D) 504

95.
$$\frac{1 + \frac{1}{0.1}}{\frac{6}{0.11} + \frac{3}{0.1} + \frac{3}{(0.1) \times (0.1)}} - \frac{(0.1) \times (0.11)}{3} \div 2 \times (0.1) + 0.11 + 1$$

- (A) $\frac{0.1}{0.6+0.33+3}$ (B) $\frac{0.1}{0.6+0.66+3}$
(C) $\frac{0.11}{0.6+0.33+3}$ (D) $\frac{0.11}{0.3+0.66+3}$

96. 2 জন পূর্ণবয়স্ক ব্যক্তি ও 3 জন বালক কোনো একটি কাজের $\frac{3}{4}$ অংশ 6 দিনে সম্পন্ন করে; 3 জন পূর্ণবয়স্ক

ব্যক্তি ও 5 জন বালক ওই কাজের $\frac{19}{24}$ অংশ 4 দিনে

সম্পন্ন করে; একজন বালক কত সময়ে ওই কাজ সম্পন্ন করবে?

- (A) 12 দিনে (B) 24 দিনে
(C) 36 দিনে (D) 48 দিনে

97. সরল করুন :

$$\frac{\left(\frac{1}{9} + \frac{1}{11}\right)\left(\frac{1}{9} + \frac{1}{11} - \frac{1}{13}\right) + \left(\frac{1}{11} + \frac{1}{13}\right)\left(\frac{1}{11} + \frac{1}{13} - \frac{1}{9}\right) + \left(\frac{1}{13} + \frac{1}{9}\right)\left(\frac{1}{13} + \frac{1}{9} - \frac{1}{11}\right)}{\frac{1}{9} \times \frac{1}{11} + \frac{1}{11} \times \frac{1}{13} + \frac{1}{13} \times \frac{1}{9}}$$

- (A) 0 (B) 6
(C) 4 (D) 2

98. একটি সহশিক্ষামূলক বিদ্যালয়ের একটি শ্রেণিতে দুটি বিভাগ A ও B —প্রতিটিতে ছাত্রছাত্রীর সংখ্যা 35। যদি A বিভাগের 7 জন ছাত্রী B বিভাগে যায়, তবে A ও B

বিভাগের ছাত্রীসংখ্যা অদলবদল হয়। আবার যদি B বিভাগের 4 জন ছাত্রী A বিভাগে যায়, তাহলে A বিভাগের ছাত্রীসংখ্যা B বিভাগের মূল ছাত্রীসংখ্যার দ্বিগুণ হয়। যথাক্রমে A ও B বিভাগের ছাত্রসংখ্যা হল—

- (A) 18, 11 (B) 24, 17
(C) 17, 24 (D) 18, 27

99. O কেন্দ্রীয় বৃত্তে AB ও CD —জ্যা দুটি X বিন্দুতে ছেদ করেছে। তাহলে পাব :

- (A) AX.XB = CX.XD (B) AX.XD = CX.XB
(C) AB.CD = AX.XD (D) CX.XB = AB.CD

100. 'A' একটি পরীক্ষায় সকল প্রশ্নের উত্তর দিয়ে 32 নম্বর পেয়েছে। প্রতিটি ঠিক উত্তরের জন্য 5 নম্বর পেয়েছে এবং প্রতিটি ভুল উত্তরের জন্য 2 নম্বর বাদ দেওয়া হয়েছে। যদি প্রতিটি ঠিক উত্তরের জন্য 4 নম্বর দেওয়া হয় এবং প্রতিটি ভুল উত্তরের জন্য 1 নম্বর বাদ দেওয়া হয়, তবে 'A'-এর প্রাপ্ত নম্বর হয় 28। পরীক্ষায় মোট প্রশ্নের সংখ্যা কত?

- (A) 14 (B) 10
(C) 16 (D) 12

101. সরল করুন :

$$\frac{5.25(5.25 \times 5.25 - 3.17 \times 1.58) + 3.17(3.17 \times 3.17 - 1.58 \times 5.25) + 1.58(1.58 \times 1.58 - 5.25 \times 3.17)}{5.25(5.25 - 3.17) + 3.17(3.17 - 1.58) + 1.58(1.58 - 5.25)}$$

- (A) 1 (B) 0
(C) 10 (D) 9

102. 1213 এবং 1231 দুটি সংখ্যা।

- (A) সংখ্যা দুটির প্রথমটি মৌলিক এবং পরেরটি যৌগিক
(B) সংখ্যা দুটির প্রথমটি যৌগিক এবং পরেরটি মৌলিক
(C) সংখ্যা দুটিই যৌগিক
(D) সংখ্যা দুটিই মৌলিক

103. ABC ত্রিভুজের AP, BC বাহুর উপর লম্ব। BQ, CA-এর উপর লম্ব। CR, AB-এর উপর লম্ব। AP, BQ ও CR পরস্পর O বিন্দুতে ছেদ করেছে। $\angle BAC = 40^\circ$ হলে, $\angle BOC =$ কত?

- (A) 80 (B) 140
(C) 110 (D) 40

104. সরল করুন:

$$\frac{\left(\frac{3}{4} \times \frac{3}{4} \times \frac{3}{4} + \frac{2}{3} \times \frac{2}{3} \times \frac{2}{3} + \frac{3}{5} \times \frac{3}{5} \times \frac{3}{5} - 3 \times \frac{3}{4} \times \frac{2}{3} \times \frac{3}{5}\right)}{\left(\frac{3}{4} + \frac{2}{3} + \frac{3}{5}\right)}$$

$$\times \left(\frac{3}{4} \times \frac{2}{3} + \frac{2}{3} \times \frac{3}{5} + \frac{3}{5} \times \frac{3}{4}\right)$$

- (A) $\frac{1647}{98420}$ (B) $\frac{1633}{98420}$
(C) $\frac{1647}{98320}$ (D) $\frac{1633}{98320}$

105. $100000 + 10000 + 1000 + 100 + 10 + 1 +$

$$\frac{1}{10} + \frac{1}{100} + \frac{1}{1000} + \frac{1}{10000} + \frac{1}{100000} =$$

- (A) 11111.111111 (B) 111111.11111
(C) 111101.01111 (D) 101111.01101

106. $\left(4\frac{3}{29}\right) \times \left(4\frac{3}{29}\right)^2 + 3 \times \left(4\frac{3}{29}\right)^2 \times \left(6\frac{26}{29}\right) + 3 \times \left(4\frac{3}{29}\right)$

$$\times \left(6\frac{26}{29}\right)^2 + \left(6\frac{26}{29}\right)^2 \times \left(6\frac{26}{29}\right) =$$

- (A) $1 \times 10000 + 3 \times 1000 + 3 \times 100 + 1$
(B) $1 \times 10000 + 3 \times 100 + 3 \times 10 + 1$
(C) $1 \times 1000 + 1 \times 100 + 3 \times 10 + 1$
(D) $1 \times 1000 + 3 \times 10 + 3 \times 100 + 1$

107. $101001.01011 =$

- (A) $100000 + 10000 + 1 + \frac{1}{100000} + \frac{1}{10000} + \frac{1}{100}$
(B) $100000 + 1000 + 1 + \frac{1}{100000} + \frac{1}{1000} + \frac{1}{100}$
(C) $\frac{1}{100000} + \frac{1}{10000} + \frac{1}{100} + 1 + 1000 + 100000$
(D) $\frac{1}{100000} + \frac{1}{1000} + \frac{1}{100} + 1 + 1000 + 100000$

108. একজন ঝাড়ুদার এই চুক্তিতে নিযুক্ত হল যে, যে দিন সে কাজ করবে, সে দিনের মজুরি 50 টাকা করে পাবে। কিন্তু যে দিন সে অনুপস্থিত থাকবে সে দিন মজুরি তো পাবেই না বরং 10 টাকা করে জরিমানা দিতে হবে। 30 দিন পর সে 1140 টাকা পেল। সে কতদিন অনুপস্থিত ছিল?

- (A) 9 দিন (B) 5 দিন
(C) 4 দিন (D) 4 দিন

109. X এবং Y-এর দূরত্ব 270 কি.মি.। সকাল 9 টায় A, X থেকে Y-এর দিকে এবং B, Y থেকে X-এর দিকে যেতে শুরু করে। যদি A এবং B-এর গতিবেগ যথাক্রমে ঘণ্টায় 50 কিমি এবং ঘণ্টায় 40 কিমি হয়, তবে কখন তাদের সাক্ষাৎ হবে?

- (A) সকাল 11 টা (B) দুপুর 12 টা
(C) দুপুর 1 টা (D) দুপুর 2 টা

110. সরল করুন :

$$\frac{0.088 \times 0.088 - 5 \times 0.888}{3 \times 0.088 - 4 \times 0.099} \times \frac{9 \times 0.088 - 16 \times 0.099 \times 0.099}{0.088 \times 0.088 - 25}$$

$$+ \frac{3 \times 0.088 \times 0.088 + 4 \times 0.099 \times 0.088}{0.099 \times 0.088 + 5 \times 0.099}$$

- (A) 0.099 (B) 0.088
(C) 0.99 (D) 0.88

111. $\frac{\frac{(0.1)^2}{\left(\frac{37}{25} - 0.1\right)} + \frac{(0.2)^2}{\left(\frac{37}{25} - 0.2\right)} + \frac{(0.3)^2}{\left(\frac{37}{25} - 0.3\right)} + (0.1) + (0.2) + (0.3)}{\frac{0.1}{\left(\frac{37}{25} - 0.1\right)} + \frac{0.2}{\left(\frac{37}{25} - 0.2\right)} + \frac{0.3}{\left(\frac{37}{25} - 0.3\right)}} =$

- (A) 0.1 (B) 0.2
(C) 0.3 (D) $\frac{37}{25}$

112. 'A', 'B' ও 'C' একাকী একটি কাজ যথাক্রমে 20 দিন, 24 দিন ও 30 দিনে শেষ করতে পারে। তারা কাজটি 5,400 টাকায় করতে সম্মত হল এবং তারা একসঙ্গে কাজটি শুরু করল। কিন্তু কাজ শেষ হওয়ার 2 দিন আগে 'B' এবং কাজটি শেষ হওয়ার 5 দিন আগে 'C' কাজ ছেড়ে চলে

গেল। বাকি কাজ করার জন্য 'A' শেষ করল। তাহলে কাজটি করার জন্য 'A' কত টাকা পাবে?

- (A) 2,700 টাকা (B) 5,400 টাকা
(C) 1,600 টাকা (D) 3,600 টাকা

113. একজন লোক সকাল 6 টায়, A স্থান থেকে B স্থানের উদ্দেশ্যে রওনা হয়ে সকাল 10 টায় B-তে পৌঁছোল। অন্য এক ব্যক্তি সকাল 8 টায় B স্থান থেকে A স্থানের উদ্দেশ্যে রওনা হয়ে সকাল 11 টা 30 মিনিটে A স্থানে পৌঁছোল। তাদের কখন সাক্ষাৎ হবে?

- (A) সকাল 7 টা 45 মি. (B) সকাল 8 টা 26 মি.
(C) সকাল 8 টা 56 মি. (D) সকাল 8 টা 40 মি.

114. একটি কাজ 'A', 12 দিনে এবং 'B', 18 দিনে শেষ করতে পারে। তারা একত্রে কাজটি শুরু করে, কিন্তু কাজটি শেষ হওয়ার 3 দিন আগে 'A' কাজ ছেড়ে চলে যায়। বাকি কাজটি 'B' শেষ করে। সমস্ত কাজটি শেষ হতে কতদিন লাগবে?

- (A) 8 (B) 9
(C) 6 (D) 3

115. নীচের সংখ্যামালাদের যোগফল কত?

$$\left(\frac{2}{3} \times \frac{2}{3} - \frac{3}{5} \times \frac{3}{5} + \frac{5}{6} \times \frac{5}{6} - 2 \times \frac{2}{3} \times \frac{5}{6}\right),$$

$$\left(\frac{2}{3} \times \frac{2}{3} - \frac{3}{5} \times \frac{3}{5} + \frac{5}{6} \times \frac{5}{6} + 2 \times \frac{2}{3} \times \frac{5}{6}\right),$$

$$\left(\frac{2}{3} \times \frac{3}{5} + \frac{5}{6} \times \frac{2}{3} + \frac{3}{5} \times \frac{3}{5} - \frac{5}{6} \times \frac{5}{6}\right),$$

(A) $\frac{611}{900}$ (B) $\frac{27}{30}$

(C) $\frac{23}{30}$ (D) 1

116. 7^*82 , 83^*9 , 147^* সংখ্যাগুলি 9 দ্বারা বিভাজ্য হলে, * চিহ্নিত স্থানগুলি যথাক্রমে হবে—

- (A) 2, 3, 5 (B) 4, 2, 8
(C) 0, 9, 2 (D) 1, 7, 6

117. 2, 3, 5, 7, 11, 13, 17, 19, 23, 29, 31, 37, 41, 43, 47, 53, 59, 61, 67, 71, 73, 79, 83, 87, 89, 97 —এখানে 26 টি সংখ্যার—

- (A) সবকটিই মৌলিক
(B) একটি বাদে সবকটিই মৌলিক
(C) দুটি বাদে সবকটিই মৌলিক
(D) তিনটি বাদে সবকটিই মৌলিক

118. একটি আয়তক্ষেত্রের ও বর্গক্ষেত্রের প্রত্যেকটির পরিসীমা 80 সেমি। বর্গক্ষেত্রের ক্ষেত্রফল ও আয়তক্ষেত্রের ক্ষেত্রফলের পার্থক্য 100 বর্গসেমি। আয়তক্ষেত্রের বাহুগুলির দৈর্ঘ্য হয়—

- (A) 35 সেমি, 5 সেমি (B) 32 সেমি, 8 সেমি
(C) 30 সেমি, 10 সেমি (D) 28 সেমি, 12 সেমি

119. সরল করুন:

$$\left(\frac{1}{5} \times \frac{1}{5} + \frac{1}{5} \times \frac{1}{7} + \frac{1}{7} \times \frac{1}{7}\right) + \frac{\left(\frac{1}{3} - \frac{1}{5}\right)\left(\frac{1}{7} - \frac{1}{3}\right)}{\left(\frac{1}{3} - \frac{1}{5}\right)\left(\frac{1}{5} - \frac{1}{7}\right)}$$

$$\left(\frac{1}{7} \times \frac{1}{7} + \frac{1}{7} \times \frac{1}{3} + \frac{1}{3} \times \frac{1}{3}\right) + \frac{\left(\frac{1}{3} - \frac{1}{5}\right)\left(\frac{1}{5} - \frac{1}{7}\right)}{\left(\frac{1}{3} - \frac{1}{5}\right)\left(\frac{1}{5} - \frac{1}{7}\right)}$$

$$\left(\frac{1}{3} \times \frac{1}{3} + \frac{1}{3} \times \frac{1}{5} + \frac{1}{5} \times \frac{1}{5}\right) + \frac{\left(\frac{1}{5} - \frac{1}{7}\right)\left(\frac{1}{3} - \frac{1}{7}\right)}{\left(\frac{1}{5} - \frac{1}{7}\right)\left(\frac{1}{3} - \frac{1}{7}\right)}$$

(A) $\frac{1}{105}$ (B) 0

(C) $\frac{61}{105}$ (D) 1

120. $(7.001 - 1)(7.001 + 3)(7.001 - 2)(7.001 - 6) + 96 =$

- (A) $(7.001 - 5)(7.001 + 2)\{(7.001)^2 + 3 \times 7.001 + 6\}$
(B) $(7.001 - 5)(7.001 + 2)\{(7.001)^2 - 3 \times 7.001 - 6\}$
(C) $(7.001 + 5)(7.001 + 2)\{(7.001)^2 - 3 \times 7.001 - 6\}$
(D) $(7.001 - 5)(7.001 - 2)\{(7.001)^2 - 3 \times 7.001 - 6\}$

পরিবেশবিদ্যা

121. মেঘালয়ের খাসি-জয়ন্তিয়াদের একটি ভেষজ উদ্ভিদ বনভূমি রয়েছে—

- (A) চেরাপুঞ্জিতে (B) মফলং-এ
(C) শিলং-এ (D) হাফলং-এ

122. খাওয়ার সময় কথা বললে, কখনো কখনো খাবারের টুকরো শ্বাসনালিতে ঢুকে পড়ে। একটি ঢাকনির মতো অংশ আছে, যা খাদ্যকণাকে শ্বাসনালি ও ফুসফুসের ভেতর ঢুকতে বাধা প্রদান করে। সেই ঢাকনির মতো অংশটি হল—

- (A) জিহ্বা (B) এপিগ্লটিস
(C) গলবিল (D) গ্লটিস

123. S.I. পদ্ধতিতে মোট একক হল—

- (A) তিনটি মূল একক এবং একটি সহায়ক একক
(B) পাঁচটি মূল একক এবং একটি সহায়ক একক
(C) সাতটি মূল একক এবং দুটি সহায়ক একক
(D) সাতটি মূল একক এবং সাতটি সহায়ক একক

124. শ্রেয়া খেয়াল করল যে তার মায়ের নখগুলি চামচ আকৃতির হয়ে গেছে। সে ভীষণ চিন্তিত। এই অবস্থা কী থেকে হতে পারে?

- (A) কলেরা (B) অ্যানিমিয়া
(C) জ্বর (D) ম্যালেরিয়া

125. স্প্রিং তুলার সাহায্যে কোথায় 1 কিগ্রা. তুলো বেশি পাওয়া যায়—

- (A) মেরুতে (B) 45° অক্ষাংশে
(C) 45° দ্রাঘিমাংশে (D) বিষুবরেখায়

126. সূর্য গ্রহণের জন্য কোনটি ঠিক নির্ণয় করুন?

- (A) পৃথিবী থাকে সূর্য ও চাঁদের মাঝখানে
(B) সূর্য থাকে চাঁদ ও পৃথিবীর মাঝখানে
(C) চাঁদ থাকে সূর্য ও পৃথিবীর মাঝখানে
(D) কোনো অবস্থায় তিনটি একই সরলরেখায় থাকে না

127. ঘরের তাপমাত্রায় তরল থাকে কোন্ খাত্ত?

- (A) সোডিয়াম (B) ম্যাগনেশিয়াম
(C) পারদ (D) লিথিয়াম

128. নিম্নলিখিত কোন্ রোগটি মাটিতে উপস্থিত পারদের বিক্রিয়া থেকে হয়?

- (A) ইটাই ইটাই রোগ (B) মিনামাটা রোগ
(C) ডিসলেঙ্কিয়া (D) অ্যালবিনিজম

129. পৃথিবী থেকে চাঁদের দূরত্ব প্রায়—

- (A) তিন লক্ষ কিলোমিটার (B) চার লক্ষ কিলোমিটার
(C) পাঁচ লক্ষ কিলোমিটার (D) ছয় লক্ষ কিলোমিটার

130. খাদ্য পরিপাক করার জন্য পৌষ্টিকতন্ত্রের বিভিন্ন গ্রন্থি থেকে উৎসেচক ক্ষরিত হয়। নিম্নলিখিত কোন্ উৎসেচকটি আন্ত্রিক গ্রন্থি দ্বারা ক্ষরিত হয়?

- (A) ইরিপসিন (B) কাইমোট্রিপসিন
(C) ট্রায়ালিন (D) পেপসিন

131. পরিবেশবিদ্যার শিক্ষক-শিক্ষিকা হিসেবে আপনি নিম্নলিখিত কোনটি এক্স-সিটু সংরক্ষণের উদাহরণ হিসেবে দেবেন?

- (A) চিড়িয়াখানা (B) জাতীয় উদ্যান
(C) অভয়ারণ্য (D) বায়োস্ফিয়ার রিজার্ভ

132. মৃত্তিকার উর্বরতাশক্তি বজায় রাখতে এবং মৃত্তিকা দূষণ নিয়ন্ত্রণ করতে কোনটি সর্বাধিক কাম্য?

- (A) রাসায়নিক সার প্রয়োগ
(B) ব্যবহার না করে জমি পরিত্যক্ত রেখে প্রাকৃতিক প্রক্রিয়ায় উর্বরতা বৃদ্ধি
(C) কম্পোস্ট ও জৈব সার ব্যবহার
(D) অঞ্চলের বনভূমি কেটে পুড়িয়ে যে ছাই উৎপন্ন হয় তার মিশ্রণের ফলে উর্বরতা বৃদ্ধি (ঝুম চাষ)

133. ছায়াপথ প্রকৃতপক্ষে—

- (A) কৃষ্ণপক্ষ ও শুক্লপক্ষের সীমা নির্দেশ করে
(B) প্রতিটি ঋতুর সীমা নির্দেশ করে
(C) পৃথিবীর আবর্তনের ফলাফল নির্দেশ করে
(D) সৌরজগৎ এবং অন্যান্য অনেক নক্ষত্রের সমাহার নির্দেশ করে

134. চন্দ্রকেতুগড়ের (বর্তমান ভগ্নাবশেষ) অস্তিত্ব গড়ে উঠেছিল—

- (A) ইছামতি নদীর অববাহিকায়
(B) চূর্ণা নদীর অববাহিকায়

- (C) জলজিগ নদীর অববাহিকায়
(D) বিদ্যাধরী নদীর অববাহিকায়
135. আফসানা খাতুন 2009 সালে 14 মে কেন তৎকালীন রাষ্ট্রপতির শুভেচ্ছা পেয়েছিলেন?
(A) নিজের বাল্যবিবাহ নিজে রোধ করেছিলেন প্রতিবাদ করে
(B) শিশুশ্রমিকদের অন্যায়ভাবে কাজ করানোর বিরুদ্ধে প্রতিবাদ করেছিলেন
(C) অন্য একটি নাবালিকাকে আক্রমণের হাত থেকে বাঁচিয়েছিলেন
(D) এক যৌন নিগ্রহকারী ব্যক্তিকে পুলিশে ধরিয়ে দিয়েছিলেন
136. বায়ুদূষণের ফলে সৃষ্ট একটি রোগ হল—
(A) সিলিকোসিস (B) মিনামাটা
(C) ব্ল্যাকফুট (D) এনকেফেলাইটিস
137. মিড ডে মিলে রান্নার জন্য যে লবণ ব্যবহৃত হয় তার ফরমুলা হল—
(A) NaCl (B) KCl
(C) MgCl₂ (D) CaCl₂
138. মাটির কণা জলে ধুয়ে গেলে তাকে বলে—
(A) রেগোলিথ (B) সয়েল প্রোফাইল
(C) এলুভিয়েশন (D) ইলুভিয়েশন
139. পরিবেশবিদ্যার শিক্ষক-শিক্ষিকা হিসেবে আপনি নিম্নলিখিত কোন শারীরবৃত্তীয় প্রক্রিয়া অপচিতি বিপাকের উদাহরণ হিসেবে দেবেন?
(A) শ্বসন (B) পুষ্টি
(C) সালোকসংশ্লেষ (D) বৃষ্টি
140. অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকলে ভৌমজলের স্তরের বৃদ্ধির সঙ্গে বৃষ্টিপাতের সম্পর্ক হল—
(A) সরল (B) বিপরীত
(C) সমানুপাতিক (D) ব্যস্তানুপাতিক
141. চোখের যে সমস্যায় দূরের বস্তুকে ঝাপসা দেখা যায় কিন্তু নিকট দৃষ্টি ঠিক থাকে, তাকে বলে—
(A) মায়োপিয়া (B) হাইপারমেট্রোপিয়া
(C) ক্যাটার্যাক্ট (D) প্রেসবায়োপিয়া

142. 1950 সালের 26 জানুয়ারিতে 'সাধারণতন্ত্র দিবস' পালিত হয় কারণ ওইদিন থেকে—
(A) ভারতবর্ষ স্বাধীন রাষ্ট্র হিসেবে স্বীকৃতি পেয়েছিল
(B) ভারতবর্ষ ও পাকিস্তান দুটি পৃথক দেশ হিসেবে পরিগণিত হয়েছিল
(C) দেশের নিজস্ব আইনবিধি হিসাবে ভারতবর্ষে সংবিধান প্রচলিত হয়েছিল
(D) ভারতবর্ষের প্রথম প্রধানমন্ত্রী হয়েছিলেন পণ্ডিত জওহরলাল নেহরু
143. নিম্নলিখিত পদার্থগুলির মধ্যে কোনটি তড়িতের সবচেয়ে ভালো পরিবাহী?
(A) রুপো (B) সোনা
(C) জিংক (D) তামা
144. একটি তরল অধাতু হল—
(A) পারদ (B) বোমিন
(C) কার্বন (D) সালফার
145. গাছের বিভিন্ন অংশ ওয়ুধ তৈরির কাজে ব্যবহৃত হয়। যেমন— উচ্চ রক্তচাপ কমাতে রেসারপিন ব্যবহার করা হয়। নিম্নলিখিত কোন গাছের মূল থেকে রেসারপিন পাওয়া যায়?
(A) ধুতরো (B) তামাক
(C) সর্পগন্ধা (D) কফি
146. গঙ্গা নদীর নাম হুগলি নদী হয়েছে—
(A) যেখানে ভাগীরথী নদীতে দামোদর মিশেছে
(B) যেখানে ভাগীরথী নদীতে বৃন্দারায়ণ মিশেছে
(C) যেখানে ভাগীরথী নদীতে হলদি মিশেছে
(D) যেখানে ভাগীরথী নদীতে অজয় মিশেছে
147. পরিবেশবিদ্যার শিক্ষক-শিক্ষিকা হিসেবে আপনি নিম্নলিখিত প্রাণীগুলির ছবি শিক্ষার্থীদের দেখিয়েছেন। এই তালিকায় কোন প্রাণীটি অমেরুদণ্ডী নয়?
(A) সাইকন (B) জেলিফিশ
(C) কাটলফিশ (D) হাঙর

148. রীতা তার ছাত্রদের যক্ষ্মা সম্বন্ধে পড়ালেন। এই রোগের জীবাণু মানবদেহে ফুসফুসের মাধ্যমে প্রবেশ করে। নিম্নলিখিত কোনটি যক্ষ্মা রোগের জীবাণু?
- (A) সালমোনেল্লা (B) মাইকোব্যাকটেরিয়াম
(C) ছত্রাক (D) ক্লসট্রিডিয়াম
149. পাহাড়ে রান্না হতে বেশি সময় লাগে—
- (A) কম আর্দ্রতার জন্য
(B) কম চাপের জন্য
(C) উঁচুতে রান্না করতে অসুবিধা বলে
(D) কম তাপমাত্রার জন্য
150. কেন পাহাড়ে টেনিস বল সমভূমির তুলনায় বেশি লাফায়?
- (A) বলের ওজন কম বলে
(B) পাহাড়ে ভূমি সমতল নয় বলে
(C) কম অভিকর্ষ বল বলে
(D) বায়ুমণ্ডলীয় অবস্থা বরাবর পরিবর্তন হয় বলে

ANSWER

1. (C), 2. (D), 3. (B), 4. (A), 5. (C), 6. (B), 7. (B),
8. (A), 9. (A), 10. (B), 11. (C), 12. (D), 13. (C), 14. (A),
15. (B), 16. (C), 17. (A), 18. (C), 19. (B), 20. (C),

21. (A), 22. (C), 23. (C), 24. (B), 25. (A), 26. (C),
27. (B), 28. (D), 29. (A), 30. (A), 31. (B), 32. (D),
33. (C), 34. (B), 35. (A), 36. (B), 37. (A), 38. (B),
39. (B), 40. (A/B), 41. (B), 42. (C), 43. (A), 44. (C),
45. (A), 46. (D), 47. (D), 48. (D), 49. (A), 50. (D),
51. (C), 52. (C), 53. (C), 54. (A), 55. (C), 56. (B),
57. (B), 58. (C), 59. (D), 60. (B), 61. (A), 62. (B),
63. (D), 64. (A), 65. (C), 66. (B), 67. (C), 68. (C),
69. (C), 70. (B), 71. (D), 72. (D), 73. (C), 74. (B),
75. (C), 76. (A), 77. (B), 78. (B), 79. (D), 80. (C),
81. (C), 82. (A), 83. (D), 84. (A), 85. (D), 86. (A),
87. (B), 88. (A), 89. (B), 90. (C), 91. (C), 92. (C),
93. (A), 94. (A), 95. (C), 96. (D), 97. (B), 98. (C),
99. (A), 100. (D), 101. (C), 102. (D), 103. (B),
104. (A), 105. (A), 106. (D), 107. (C), 108. (D),
109. (B), 110. (A), 111. (D), 112. (A), 113. (C),
114. (B), 115. (A), 116. (D), 117. (B), 118. (C),
119. (B), 120. (B), 121. (B), 122. (B), 123. (C),
124. (B), 125. (D), 126. (C), 127. (C), 128. (B),
129. (B), 130. (A), 131. (A), 132. (C), 133. (D),
134. (D), 135. (A), 136. (A), 137. (A), 138. (D),
139. (A), 140. (A), 141. (A), 142. (C), 143. (A),
144. (B), 145. (C), 146. (WO), 147. (D), 148. (B),
149. (B), 150. (C).